

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
হিন্দু ধর্মীয় কল্যাণ ট্রাস্ট ও সেবাদান প্রক্রিয়া নাগরিক সনদ

(সিটিজেন চার্টার)

কার্যক্রম	সেবা গ্রহণকারী	সময়সীমা	কর্ম পদ্ধতি
ধর্মীয় প্রতিষ্ঠানে অনুদান প্রদান	হিন্দু ধর্মীয় প্রতিষ্ঠান কর্তৃপক্ষ	প্রতি বছর অক্টোবর হতে মার্চ সময়ে নির্ধারিত ফরমে আবেদন করা যায়। ট্রাস্টি কর্তৃক মঞ্জুরী ১৫ দিনের মধ্যে অনুদানের চেক ইস্যু করা হয়।	নির্ধারিত ফরম ট্রাস্ট হতে বিনামূল্যে বিতরণ করা হয়। ট্রাস্টের ওয়েব সাইট www.hindustrust.gov.bd এবং ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের ওয়েব সাইট www.mora.gov.bd ও বগুড়া জেলা অফিসের ওয়েব সাইট www.tbcmep.bogra.gov.bd থেকেও ফরম ডাউনলোড করা যাবে। যথাযথভাবে পূরণকৃত ফরম ট্রাস্টে জমা দেবার পর চেয়ারম্যান/সংশ্লিষ্ট ট্রাস্টি অনুদানের মঞ্জুরী প্রদান করেন।
দুঃস্থদের অনুদান প্রদান	দুঃস্থ হিন্দু জন সাধারণ	ঐ	ঐ
দুর্গা পূজায় আর্থিক সহায়তা প্রদান (মাননীয় প্রধানমন্ত্রী প্রদত্ত)	দুর্গা পূজামন্ডব কর্তৃপক্ষ/কমিটি	দুর্গা পূজার প্রাক্কালে	জেলা প্রশাসক/ট্রাস্টিদের মাধ্যমে বিতরণ করা হয়ে থাকে।
মন্দিরভিত্তিক প্রাক-প্রাথমিক শিক্ষা কার্যক্রম	হিন্দু পরিবারের প্রাক-প্রাথমিক পর্যায়ে শিশু (৪-৬ বছর বয়সের)	সিট শূন্য থাকা সাপেক্ষে ভর্তি তাৎক্ষণিক	কেন্দ্র শিক্ষকের সাথে যোগাযোগ করে নির্ধারিত ফরম পূরণ করে শিশুদের ভর্তি করাতে হবে। এ শিক্ষা সম্পূর্ণ অবৈতনিক এবং শিশুদের বিনামূল্যে বই, খাতা অন্যান্য উপকরণ প্রদান করা হয়।
মন্দিরভিত্তিক বয়স্ক শিক্ষা কার্যক্রম	অক্ষর জ্ঞানহীন হিন্দু ব্যক্তিবর্গ (১৫-৪৫ বছর পর্যন্ত)	সিট শূন্য থাকা সাপেক্ষে ভর্তি তাৎক্ষণিক	কেন্দ্র শিক্ষকের সাথে যোগাযোগ করে নির্ধারিত ফরম পূরণ করে বয়স্কদের ভর্তি করাতে হবে। এ শিক্ষা সম্পূর্ণ অবৈতনিক এবং বয়স্কদের বিনামূল্যে বই, খাতা অন্যান্য উপকরণ প্রদান করা হয়।
মন্দিরভিত্তিক গীতা শিক্ষা কার্যক্রম	১০ থেকে ১৮ বছর পর্যন্ত সকল বালক বালিকা	আবেদন প্রাপ্তি সাপেক্ষে	কেন্দ্র শিক্ষকের সাথে যোগাযোগ করে নির্ধারিত ফরম পূরণ করে বালক বালিকাদের ভর্তি করাতে হবে। অবৈতনিক এবং শিক্ষার্থীদের বিনামূল্যে গীতা ও খাতাসহ অন্যান্য উপকরণ প্রদান করা হয়।
হিন্দু ধর্মীয় প্রতিষ্ঠানের তালিকাভুক্তি কার্যক্রম	হিন্দু ধর্মীয় প্রতিষ্ঠান কর্তৃপক্ষ	আবেদন প্রাপ্তির ৩০দিন পর।	নির্ধারিত ফরম ট্রাস্ট হতে বিনামূল্যে বিতরণ করা হয়। ট্রাস্টের ওয়েব সাইট www.hindustrust.gov.bd এবং ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের ওয়েব সাইট www.mora.gov.bd ও বগুড়া জেলা অফিসের ওয়েব সাইট www.tbcmep.bogra.gov.bd থেকেও ফরম ডাউনলোড করা যাবে। যথাযথভাবে পূরণকৃত ফরম ট্রাস্টে জমা দেবার পর চেয়ারম্যান/সংশ্লিষ্ট ট্রাস্টি অনুদানের মঞ্জুরী প্রদান করেন।